

## FAQ on Finance Act, 2022

- ১) অর্থ আইন ২০২২ অনুসারে ব্যাংকিং খাতে কোন বিষয়টির উপর নতুন করে গুরুত্বারূপ করা হয়েছে?
  - অ্যাকাউন্টের স্থিতির উপর ভিত্তি করে চলমান বা নতুন ব্যাংক অ্যাকাউন্টে আয়কর রিটার্নের হালনাগাদ প্রাপ্তি স্বীকার পত্র (Tax Return Slip) বা সনদ পত্র (Tax Return Certificate) এর আবশ্যিকতা বাধ্যতা মূলক করা হয়েছে।
- ২) ব্যাংকে আয়কর রিটার্ন এর প্রমাণপত্র দাখিল করা বাধ্যতামূলক কি না?
  - অর্থ আইন ২০২২ অনুসারে নিম্নলিখিত ক্ষেত্রে আয়কর রিটার্ন এর প্রমাণপত্র ব্যাংকে দাখিল বাধ্যতামূলক করা হয়েছে-
    - ক. ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে পাঁচ লাখ টাকার বেশি খণ্ডের আবেদন করার ক্ষেত্রে;
    - খ. যেকোনো ক্রেডিট কার্ড প্রাপ্তির আবেদন ও চলমান কাড'ব্যবহারের ক্ষেত্রে;
    - গ. দশ (১০) লক্ষ টাকার বেশি ক্রেডিট ব্যালেন্স সহ যেকোন ধরণের ব্যাংক অ্যাকাউন্ট খোলা এবং বিদ্যমান হিসাব চালিয়ে যাওয়ার ক্ষেত্রে;
    - ঘ. পাঁচ (৫) লাখ টাকার বেশি সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে;
    - ঙ. আমদানির উদ্দেশ্য খণ্ডের খোলার আবেদন করার ক্ষেত্রে;
    - চ. বাংলাদেশ থেকে আমদানি বা রপ্তানির জন্য বিল অফ এন্ট্রি জমা দেওয়ার ক্ষেত্রে;
- ৩) আয়কর রিটার্ন জমা দেওয়ার কি কি ধরনের প্রমাণ পত্র থাকে?
  - ক. আয়কর অফিস কর্তৃক প্রদত্ত রিটার্ন দাখিলের রসিদ (Tax Return Slip);
  - খ. একটি সিস্টেম জেনারেটেড সার্টিফিকেট যাতে ব্যক্তির নাম এবং করদাতার সন্মতিকরণ নথর (ই-টিআইএন) এবং যে বছরের জন্য রিটার্ন জমা দেওয়া হয়েছে তা উল্লেখ থাকে;
  - গ. ডেপুটি কমিশনার অফ ট্যাঙ্কেস কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট যাতে ব্যক্তির নাম এবং টিআইএন এবং যে বছরের জন্য রিটার্ন জমা দেওয়া হয়েছে তা উল্লেখ থাকে;
- ৪) ইউ.সি.বি ব্যাংকের একজন গ্রাহক হিসাবে কর্মীয় কি?
  - নিকটস্থ ইউ.সি.বি শাখায় গিয়ে আয়কর রিটার্নের হালনাগাদ প্রাপ্তি স্বীকারপত্র (Tax Return Slip) বা সনদপত্র (Tax Return Certificate) জমা দিতে হবে।
- ৫) আয়কর রিটার্নের হালনাগাদ প্রাপ্তি স্বীকারপত্র অথবা সনদপত্র জমা দিলে আমি কি কি সুবিধা পাব?
  - ক. ব্যক্তি হিসাবের ক্ষেত্রে আমান্তরে সুদ/মুনাফার উপর ১৫% এর স্থলে ১০% উৎস কর কর্তৃন করা হবে
  - খ. কোম্পানি হিসাবের ক্ষেত্রে আমান্তরে সুদ/মুনাফার উপর ৩০% এর স্থলে ২০% হারে উৎস কর কর্তৃন করা হবে
- ৬) আমার অ্যাকাউন্টের ব্যালাস ১০ লক্ষ টাকার নিচে, তাহলে আমাকে কেন এই মেসেজ দিয়েছেন এবং আমার ক্ষেত্রে কত শতাংশ হারে উৎস কর প্রযোজ্য হবে?
  - যদি ভবিষ্যতে যে কোন সময় আপনার অ্যাকাউন্টের ব্যালাস ১০ লক্ষ টাকা অতিক্রম করে, তাহলে এটা প্রয়োজন হবে। আপনার অ্যাকাউন্টের ব্যালাস ১০ লক্ষ টাকা অতিক্রম না করলেও আয়কর রিটার্ন এর প্রমাণপত্র জমা না দিলে আপনার অ্যাকাউন্টের প্রাপ্তি মুনাফার উপর অতিরিক্ত উৎস কর কর্তৃন করা হবে। আপনি যেন এই বিষয়ে অবগত থাকেন এবং ভবিষ্যতে যেন এই বিষয়ে কোন সমস্যার সম্মুখীন না হন সেজন্য আপনাকে অবহিত করার জন্য মেসেজ দেয়া হয়েছে।
- ৭) আমাকে কি প্রতি অর্থ বছরেই আয়কর রিটার্ন এর প্রমাণপত্র ব্যাংকে দাখিল করতে হবে।
  - অর্থ আইন-২০২২ অনুসারে আপনাকে প্রতি অর্থ বছরেই সংশ্লিষ্ট বছরের হালনাগাদ (লেটেস্ট) আয়কর রিটার্ন এর প্রমাণপত্র ব্যাংকে দাখিল করতে হবে।
- ৮) আমার একটি ক্ষিম (এফডিআর/ডিপিএস) ম্যাচিউরড/ অলি এনক্যাশমেট করতে চাই, সেক্ষেত্রে প্রাপ্তি মুনাফার উপর কত শতাংশ হারে উৎস কর প্রযোজ্য হবে?
  - অর্থ আইন-২০২২ অনুসারে এই মুহূর্তে আয়কর রিটার্ন এর প্রমাণ পত্র ছাড়া ১০ লক্ষ টাকার অধিক টাকার অ্যাকাউন্ট/এফডিআর খোলা সম্ভব হচ্ছে না। তবে পরবর্তীতে আয়কর রিটার্ন প্রদানের উপর্যুক্ত প্রমাণ পত্র সংযুক্ত করে ইউ.সি.বি ব্যাংকে অ্যাকাউন্ট/এফডিআর খোলার সেবা নিতে পারেন।
- ৯) আমার আয়কর রিটার্ন নেই, কিন্তু আমি ১০ লক্ষ টাকার অধিক টাকা দিয়ে একটি অ্যাকাউন্ট/এফডিআর খুলতে চাই। আমি কি আপনার ব্যাংকে এটি খুলতে পারি?
  - অর্থ আইন-২০২২ অনুসারে এই মুহূর্তে আয়কর রিটার্ন এর প্রমাণ পত্র ছাড়া ১০ লক্ষ টাকার অধিক টাকার অ্যাকাউন্ট/এফডিআর খোলা সম্ভব হচ্ছে না। তবে পরবর্তীতে আয়কর রিটার্ন প্রদানের উপর্যুক্ত প্রমাণ পত্র সংযুক্ত করে ইউ.সি.বি ব্যাংকে অ্যাকাউন্ট/এফডিআর খোলার সেবা নিতে পারেন।